অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল GLOBAL SPECTATORS-কে 'দ্য পিপলস কান্ট্রি ক্লাব', BETHPAGE STATE PARK-এ 2025 রাইডার কাপের জন্য স্বাগত জানালেন

পুরো স্টেটে আন্তর্জাতিক প্রতিযোগিতার অর্থনৈতিক প্রভাব 200 মিলিয়ন মার্কিন ডলার ছাড়াবে বলে আশা করা যাচ্ছে

স্টেটের বিনোদন, পর্যটন এবং কৃষি ইন্ডাস্ট্রি ইভেন্টে তুলে ধরে হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট (New York State) 45তম রাইডার কাপের (Ryder Cup) জন্য লং আইল্যান্ডের (Long Island) Bethpage State Park-এ 250,000-এর বেশি দর্শককে স্বাগত জানাতে যাচ্ছে। ঐতিহাসিক এই আন্তর্জাতিক ইভেন্টটি 23–28 সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে, এটি নিউ ইয়র্ক স্টেট এবং PGA of America-এর মধ্যে শক্তিশালী পার্টনারশিপকে চলমান রাখছে। সব টিকেট বিক্রি হয়ে যাওয়া দ্বিবার্ষিক টিম ইউনাইটেড স্টেটস অফ আমেরিকা (United States of America, USA) এবং টিম ইউরোপ (Europe) পুরো স্টেটে 200 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থনৈতিক প্রভাব তৈরি করবে বলে অনুমান করা যাচ্ছে।

"Bethpage Black-এ 2025 রাইডার কাপের আয়োজন করতে পেরে এবং সারা বিশ্বের ভক্তদেরকে লং আইল্যান্ড ও নিউ ইয়র্ক স্টেটের সবকিছুর অভিজ্ঞতা নিতে স্বাগত জানাতে পেরে নিউ ইয়র্ক গর্বিত," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এটি একটি দারুণ সম্মান যে PGA of America এই বিশ্বমানের প্রতিযোগিতার জন্য একটি স্টেট পার্কের গল্ফ কোর্সকে বাছাই করেছে। কোর্সের উত্তেজনা ছাড়াও ভিজিটরদের কাছে লং আইল্যান্ড-নিউ ইয়র্ক সিটি (New York City) অঞ্চল ঘুরে দেখার সুযোগ থাকবে, যেখানে তারা বিশ্বমানের খাওয়াদাওয়া, বিনোদন, এবং সাংস্কৃতিক আকর্ষণের অভিজ্ঞা নিতে পারবেন এবং একই সাথে এই এলাকাকে এতো প্রাণবন্ত করে রাখা স্থানীয় ব্যবসাগুলিকে সমর্থন করতে পারবেন। নিউ ইয়র্ক সিটির আইকনিক ল্যান্ডমার্ক এবং ব্রডওয়ে শো থেকে শুরু করে লং আইল্যান্ডের উদযাপিত সৈকত, ওয়াইনারি, এবং ঐতিহাসিক টাউন পর্যন্ত, রাইডার কাপ ভক্তদের এমন সব অভিজ্ঞতার সুযোগ দিবে যা তাদেরকে বলতে বাধ্য করবে যে 'আমি নিউ NY ভালোবাসি'!"

রাইডার কাপের ডিরেক্টর Bryan Karns (ব্রায়ান কার্নস) বলেন, " লং আইল্যান্ডে 2025 রাইডার কাপের আয়োজন করা হলো গলফের সবথেকে বড় ইভেন্টের প্রায় 100 বছরের ইতিহাসে একটি বড় মাইলফলক। নিউ ইয়র্ক স্টেট বিশ্বমানের মঞ্চ দিয়ে থাকে, এবং গভর্নর

Hochul-এর (হোকল) সমর্থনের জন্য আমরা কৃতজ্ঞ। উপস্থিত হওয়া হাজার হাজার মানুষ দ্রুতই এই কমিউনিটির সবকিছুর অভিজ্ঞতা নিবে এবং বিশ্বের সবথেকে আইকনিক কোর্সগুলির একটি, Bethpage Black-এ ম্যাচ খেলার প্রতিযোগিতা দেখতে পারবেন।"

উইস্কন্সিনের (Wisconsin) 2021 রাইডার কাপ এবং Oak Hill Country Club-এর 2023 PGA চ্যাম্পিয়নশিপের (PGA Championship) মতো অতীতের বড় গল্ফ ইভেন্টের সাফল্য থেকে যা দেখা গেছে তার ভিত্তিতে কর্মকর্তারা অনুমান করছেন যে 2025 রাইডার কাপ 200 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থনৈতিক প্রভাব তৈরি করবে। 2013 সালে নিউ ইয়র্ক Bethpage State Park-এর জন্য ইভেন্টটি নিশ্চিত করে, এরপর থেকে PGA of America এবং সেই সাথে স্টেটের কর্মচারী এবং পার্টনাররা একটি সরকারি মালিকানার কোর্সে একটি বিশ্বমানের অভিজ্ঞতা নিশ্চিত করার জন্য বহু বছর ধরে পরিকল্পনা করেছেন। PGA জানিয়েছে যে 2025 রাইডার কাপ হবে প্রতিযোগিতার ইতিহাসের সবথেকে বড় মঞ্চ, যা 1927 সালে এর প্রথম বছরের পর থেকে প্রায় এক শতকের ঐতিহ্যকে অগ্রসর করবে। তিনটি বড় চ্যাম্পিয়নশিপ এবং PGA ট্যুর প্লেঅফ আয়োজন করার কয়েক দশকের অভিজ্ঞতা নিয়ে Bethpage ইভেন্টের প্রস্তুতি নিচ্ছে যেটিকে PGA "একটি গল্ফ ইভেন্টের জন্য সবথেকে বড় বিল্ডআউট" বলছে যা অনুষ্ঠিত হবে "দ্য পিপলস কান্ট্রি ক্লাব (The People's Country Club)" নামে পরিচিত এই স্থানে।

60 মাসের বেশি সময় ধরে পরিকল্পনা করা এবং 19 মে, 2025-তে শুরু করা রাইডার কাপ বিল্ডআউট হলো সর্বকালের সবথেকে বড়, এখানে আছে 3.5 মিলিয়ন বর্গফুটের অস্থায়ী কাঠামো, 1.6 মিলিয়ন বর্গফুটের ডেকিং, 74,000 বর্গফুটের খুচরা বিক্রির স্থান, 350টি তাবু, 20টি হেলিকপ্টার ল্যান্ড করার স্থান, 950টি পোর্টেবল টয়লেট, এবং একটি 5,000 আসনের ফার্স্ট টি স্টেডিয়াম, এবং 20 মাইলের বেশি দড়ি ও বেড়া থাকবে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনের (Office of Parks, Recreation and Historic Preservation) কমিশনার প্রো টেম্পোর Randy Simons (র‍্যান্ডি সিমোন্স) বলেন, "রাইডার কাপ শুধু একটি বিশ্বমানের প্রতিযোগিতা না, এটি হলো এটিকে সম্ভব করা মানুষদের একটি উদযাপন। Bethpage State Park-এ আমাদের নিবেদিত স্টাফ 'পিপলস কান্ট্রি ক্লাবের' খেয়াল রাখতে পেরে দারুণ গর্বিত, তারা নিশ্চিত করে যাতে সারা বিশ্বের গল্ফার এবং ভক্তরা এমন একটি অভিজ্ঞতা উপভোগ করতে পারেন যা ভুলে যাওয়ার মতো না। গল্ফের সবথেকে বড় ইভেন্টগুলির একটি আয়োজন করা তুলে ধরে যে স্টেট পার্কস কীভাবে শুধু জীবন উন্নত করে না বরং এছাড়াও নিউ ইয়র্কের কমিউনিটিগুলির জন্য শক্তিশালী অর্থনৈতিক সুবিধা নিয়ে আসে। বিশ্বকে অসাধারণ এই মঞ্চে স্বাগত জানানোর জন্য PGA of America এবং আমাদের স্টেট ও স্থানীয় পার্টনারদের সাথে পার্টনারশিপ করতে পেরে আমরা সম্মানিত।"

গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে, PGA of America-এর সাথে নিউ ইয়র্ক স্টেটের সহযোগিতা আগামী এক দশক ধরে ভালোমতো চলবে। গত সপ্তাহে,গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেন যে Bethpage State Park, 2028 KPMG উইমেন্স PGA চ্যাম্পিয়নশিপ (KPMG Women's PGA Championship) এবং 2033 PGA চ্যাম্পিয়নশিপ আয়োজন করবে।

রোচেস্টারের বাইরের Oak Hill Country Club এছাড়াও 2035 PGA চ্যাম্পিয়নশিপকে স্বাগত জানাবে, তারা পঞ্চমবারের মতো ইভেন্টটির আয়োজন করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "45তম রাইডার কাপ আয়োজন করতে পারা একটা সৌভাগ্যের ব্যাপার, এবং নিউ ইয়র্ক স্টেট সারা দেশ এবং বিশ্ব থেকে আসা ভক্তদের লং আইল্যান্ডে স্বাগত জানাতে পেরে আনন্দিত। এমন বড় ইভেন্ট দেশি এবং আন্তর্জাতিক ব্যাপক মানুষকে আকৃষ্ট করে যা এই অঞ্চলের রেস্টুরেন্ট, হোটেল এবং ছোট ব্যবসাকে সমর্থন করে, এবং স্টেটের পর্যটন অর্থনীতিতে লাভ তৈরি করতে সাহায্য করে। এছাড়াও, এটি হলো নিউ ইয়র্ক স্টেটের যে সকল আকর্ষণ, ইন্ডাস্ট্রি এবং আনন্দের সুযোগ আছে তা উপস্থিত হওয়া মানুষ এবং এবং সারা বিশ্বে সম্প্রচারের দর্শক সবার সামনে তুলে ধরার একটি দারুণ সুযোগ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের বোর্ড চেয়ারম্যান Kevin Law (কেভিন ল) বলেন, "Bethpage State Park-এ রাইডার কাপ আয়োজন করা লং আইল্যান্ডকে বিশ্বের কাছে তুলে ধরার একটি অসাধারণ সুযোগ। আমাদের এখানে অনেক কিছু আছে , যেমন দুর্দান্ত গল্ফ কোর্স এবং সমৃদ্ধ ইতিহাস থেকে শুরু করে অতুলনীয় সীফুড এবং বিশ্বমানের ওয়াইন, এবং এই ইভেন্টটি এই সবকিছু তুলে ধরার জন্য একটি নিখুঁত সুযোগ। রাইডার কাপ বিশ্বের সেরা গল্ফার এবং একই সাথে সবথেকে পাগল ভক্তদের জন্য পরিচিত, এবং লং আইল্যান্ডের একজন বাসিন্দা হিসেবে তাদের সবাইকে আমাদের অঞ্চলের সবকিছুর অভিজ্ঞতা নিতে স্বাগত জানাতে পেরে আমি অনেক বেশি গর্বিত।"

ইভেন্টের ফ্যান জোনের একটি উল্লেখযোগ্য অংশ হলো "নিউ ইয়র্ক স্টেট অফ প্লে (New York State of Play)" যা I LOVE NY, নিউ ইয়র্ক স্টেট পার্কস, এবং Taste NY উপস্থাপন করবে। এই প্রদর্শনীতে নিউ ইয়র্ক স্টেটের পর্যটন এবং কৃষির উপর আলোকপাত করা হবে, দর্শকদেরকে স্টেটের বিশ্বমানের আকর্ষণ খুঁজে দেখার জন্য এবং একই সাথে এর উদযাপিত খাদ্য ও পানীয়ের স্বাদ নেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে। এই অভিজ্ঞতায় থাকবে লং আইল্যান্ড এবং পুরো স্টেটের 60টির বেশি Taste NY ওয়াইনারি, ক্রাফট ব্রিউয়ারি, সাইডারি এবং খাদ্য উৎপাদকদের কাছ থেকে পালাক্রমে নির্বাচন করা খাবার যার মধ্যে কফি এবং বেকড পণ্য থেকে শুরু করে চকোলেট এমনকি ওয়েস্টারও থাকবে। ভক্তদের কাছে পুরস্কার জেতার এবং Bethpage Black-এর আইকনিক "ওয়ার্নিং সাইনের" সাথে ছবি তোলার সুযোগ থাকবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "রাইডার কাপের জন্য Bethpage State Park-এ Taste NY-কে রাখা দারুণ ব্যাপার, এটি আমাদের ফার্ম এবং খাদ্য ও পানীয়ের ব্যবসাগুলিকে লাখ লাখ মানুষের সামনে তাদের অনন্য পণ্য তুলে ধরার সুযোগ দিবে। কয়েক ডজন উৎপাদনকারী টুর্নামেন্টের সময় অংশগ্রহণ করবেন এবং আমরা ভক্তদেরকে 'নিউ ইয়র্ক স্টেট অফ প্লে' তাবু ভিজিট করার জন্য, নিউ ইয়র্কের পর্যটন গন্তব্য ঘুরে দেখার জন্য এবং নিউ ইয়র্কের ফার্মিং ও কৃষি কমিউনিটিকে কী এতো বিশেষ করে তার স্বাদ নেওয়ার জন্য উৎসাহিত করছি।"

Discover Long Island-এর COO Sharon Wyman (শ্যারন উইম্যান) বলেন, "রাইডার কাপ হলো বিশ্বের সবথেকে সম্মানজনক স্পোর্টিং ইভেন্টগুলির একটি এবং Bethpage Black-এ

এটি আয়োজন করতে পারা হলো সামগ্রিকভাবে লং আইল্যান্ডের উপর সারা বিশ্বের নজর আনার একটি দুর্দান্ত সুযোগ। ভক্ত, খেলোয়াড়, এবং মিডিয়ার আগমন আমাদের অঞ্চলের হোটেল, রেস্টুরেন্ট, আকর্ষণ, এবং ছোট ব্যবসাগুলির জন্য দুর্দান্ত অর্থনৈতিক প্রভাব নিয়ে আসবে। এই ভিজিটরদের স্বাগত জানাতে এবং লং আইল্যান্ড কেনো শুধুই একটি সেরা গল্ফের গন্তব্য না, বরং এছাড়াও এটি সারা বছর বেড়ানোর জন্য ভোলা যায় না এমন একটি গন্তব্য তা দেখাতে আমরা অনেক উৎসাহী।"

রাইডার কাপ একটি সারা বিশ্বের অনুষ্ঠান, যা 200টি দেশে অর্ধ বিলিয়নের বেশি বাড়িতে সম্প্রচারিত হয়, এবং 1,000 জন মিডিয়া প্রতিনিধি সাইটে উপস্থিত থাকেন। পুরো সপ্তাহের এই প্রোগ্রামে থাকবে একটি সেলিব্রিটি টুর্নামেন্ট, জুনিয়র প্রতিযোগিতা, দলগত প্র্যাকটিস রাউন্ড এবং 25 সেপ্টেম্বর, বৃহস্পতিবার উদ্বোধনী অনুষ্ঠান হবে, এর পর তিন দিনের ম্যাচ খেলা শুরু হবে। 50টি স্টেটের সবগুলি থেকে এবং 45টির বেশি দেশ থেকে ভক্তরা খেলা দেখার জন্য Bethpage Black-এ একত্রিত হবেন। রাইডার কাপে তিন দিনে পাঁচটি ম্যাচ থাকে যেখানে ইউনাইটেড স্টেটস এবং ইউরোপের 12 সদস্যের দুইটি দলের মধ্যে প্রতিযোগিতা হবে। প্রতিযোগিতাটি দুই বছর পরপর আমেরিকা এবং ইউরোপের ভেন্যুর মধ্যে আয়োজনের সাইট বদল করে।

PGA of America সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটে প্রতিষ্ঠিত PGA of America হলো বিশ্বের সবথেকে বড় স্পোর্টস অর্গানাইজেশনগুলির মধ্যে একটি, যেখানে প্রায় 29,000 পেশাদার গল্ফ খেলার ব্যাপারে আগ্রহ ও অংশগ্রহণ বাড়াতে প্রতিদিন কাজ করেন। PGA of America সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন PGA.org, Twitter-এ @PGA ফল করুন, এবং আমাদেরকে Facebook-এ খুঁজে নিন।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্ক, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গল্ফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছু তত্ত্বাবধান করে এবং বার্ষিক 88 মিলিয়নেরও বেশি দর্শককে স্বাগত জানায়। এর মধ্যে যেকোনো বিনোদনের এলাকা সম্পর্কে আরো তথ্যের জন্য, parks.ny.gov-এ ভিজিট করুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার অ্যাপটি ডাউনলোড করুন বা 518.474.0456 নম্বরে ফোন করুন। আমাদের সাথে Facebook এ, Instagram এ, X এ, LinkedIn এ, OPRHP ব্লগে অথবা OPRHP নিউজরুমের মাধ্যমে যোগাযোগ করুন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হলো নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক বিকাশ এজেন্সি, এবং এটি পুরো স্টেটে ব্যবসায়িক প্রবৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, এবং বৃহত্তর অর্থনৈতিক সুযোগের প্রসার করে। স্টেটের 10 টি অঞ্চরের প্রতিটিতে অফিস সহ ESD আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর তদারকি করে, কানেক্টঅল অফিসের মাধ্যমে ব্রডব্যান্ড ইক্যুইটি সমর্থন করে এবং অফিস অব স্ট্রাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট (Office of Strategic Workforce Development) এর মাধ্যমে আগামীর কর্মশক্তি বৃদ্ধি করছে। এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেটের বিকাশের জন্য উদীয়মান এবং পরবর্তী প্রজন্মের শিল্পখাতের সাথে জড়িত হয় যেমন পরিচ্ছন্ন

শক্তি এবং সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ, ক্ষুদ্র ব্যবসাসমূহকে বিকশিত ও সফল হতে সাহায্য করার জন্য সহায়তা কেন্দ্রের একটি নেটওয়ার্ক পরিচালনা করে, এবং আই লাভ নিউ ইয়র্কের (I LOVE NY) মাধ্যমে স্টেটের বিশ্বমানের পর্যটন গন্তব্যসমূহের প্রচার করে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে esd.ny.gov দেখুন এবং LinkedIn, Facebook এবং X-এ ESD-এর সাথে সংযোগ করুন।

টেস্ট NY সম্পর্কে

2013 সালে তৈরি হওয়া Taste NY উদ্যোগ, নিউ ইয়র্ক স্টেটে ফলানো, উৎপাদিত বা প্রক্রিয়াজাতকৃত খাদ্য ও পণ্যের গুণমান, বৈচিত্র্য এবং অর্থনৈতিক প্রভাব তুলে ধরে। টেস্ট NY এর উদ্দেশ্যে হলো ইভেন্ট, খুচরা বিক্রির স্থান, এবং গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার এবং বেথপেজ স্টেটে পার্কে বার্কলেজ টুর্নামেন্টের মতো অংশীদারিত্বের মাধ্যমে উৎপাদনকারীদের জন্য নতুন সুযোগ তৈরি করা। গত 10 বছরে, টেস্ট NY এই কর্মসূচিতে অংশগ্রহণকারী আনুমানিক 2,000 খাদ্য ও পানীয় উৎপাদককে খুচরা বিক্রয়ের আউটলেট, ইভেন্ট, ও স্পন্সরশিপের মাধ্যমে সহায়তা করেছে। এছাড়া টেস্ট NY-এর খাদ্য ও পানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলো নিজেদের পণ্যে নিউ ইয়র্কে চাষকৃত ও উৎপাদিত উপাদানগুলো ব্যবহার করার মাধ্যমে স্টেটের কৃষকদেরকে সহায়তা করে থাকে। টেস্ট NY অবস্থানসমূহ, খোলা থকাৰ সময়সূচি এবং যোগাযোগের তথ্যের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য, টেস্ট NY এর ওয়েবসাইট ভিজিট করুন। DMV-কে ফেসবুকে (Facebook), টুইটারে (Twitter) ও ইনস্টাগ্রামে (Instagram) অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন